

প্রেস রিলিজ-১

৬ সেপ্টেম্বর ২০২৩, বঙ্গভবন

=====

রোহিঙ্গা সমস্যা সমাধানে ইন্দোনেশিয়াকে আরো জোরালো ভূমিকা পালনের আহ্বান রাষ্ট্রপতির

=====

রোহিঙ্গা সমস্যা সমাধানে ইন্দোনেশিয়াকে আরো জোরালো ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। আজ জাকার্তা কনভেনশন সেন্টারে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো'র সাথে দ্বিপাক্ষিক বৈঠককালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান।

পরে, ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এ কে আব্দুল মোমেন জানান, বৈঠকে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন আসিয়ান এবং ইস্ট এশিয়া সামিটে যোগদানের আমন্ত্রণ এবং আন্তরিক আতিথেয়তার জন্য ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট কে ধন্যবাদ জানান।

ইন্দোনেশিয়া ও বাংলাদেশের মধ্যে বিরাজমান সম্পর্ক অত্যন্ত চমৎকার উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, ইন্দোনেশিয়ার সাথে সম্পর্ক উন্নয়নকে যথেষ্ট গুরুত্ব দেয় বাংলাদেশ। বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতি এবং বিনিয়োগ বান্ধব পরিবেশের কথা তুলে ধরে রাষ্ট্রপতি বিভিন্ন খাতে বিনিয়োগ করতে ইন্দোনেশিয়ার বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানান। এছাড়া দু'দেশের মধ্যে বাণিজ্য ঘাটতি কমাতে বাংলাদেশ থেকে বিশ্বমানের পণ্য আমদানি করার কথা বলেন রাষ্ট্রপতি।

রোহিঙ্গা বাংলাদেশের জন্য একটি বড় সমস্যা উল্লেখ করে রাষ্ট্রপতি রোহিঙ্গাদের স্বদেশ প্রত্যাবাসনে ইন্দোনেশিয়া আরো জোরালো ভূমিকা পালন করবে আশা প্রকাশ করেন। এসময় আসিয়ানের সেক্টোরাল ডায়লগ পার্টনার হওয়ার জন্য বাংলাদেশের প্রস্তাব দ্রুত গ্রহণ করারও আহ্বান জানান রাষ্ট্রপতি।

ব্রিফিংকালে জ্বালানি, কৃষি ও স্বাস্থ্য খাতে সহযোগিতা বাড়াতে দুদেশের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের কথা উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী জানান, এসব খাতের উন্নয়নে একযোগে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে দুই দেশ।